

পত্র নং - ২৩.২২.৭০০৫.০১৮.২৩.০০২.১৬-১২৬

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
১২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মহান বিজয় দিবস- ২০২১ উদযাপন উপলক্ষে সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ ফিরোজ শাহ্ (উপসচিব)  
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
যশোর ক্যান্টনমেন্ট।  
তারিখ ও সময় : ১২ ডিসেম্বর ২০২১, বিকাল ০৩-০০ ঘটিকা  
স্থান : ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর সম্মেলন কক্ষ  
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট - ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি থেকে প্রাপ্ত অনুষ্ঠানমালায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিচালিত মুজিববর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে শপথ অনুষ্ঠানের নির্দেশনাবলি ও শপথ অনুষ্ঠানের জন্য নির্ধারিত ডিজাইনের 'মাস্ক' পরিধান সম্পর্কে সকলকে অবহিত করেন।

২। অতঃপর জাতীয় কর্মসূচির আলোকে মহান বিজয় দিবস-২০২১ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী যথাযথ মর্যাদায় উদযাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে, সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

(ক) ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এবং এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক "দি ফ্লাগ রুলস" ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন ও অবনমন ;

(খ) ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এবং এর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মূল ভবন ও বোর্ডের আওতাধীন সকল স্থাপনাসমূহে পর্যাপ্ত আলোকসজ্জা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(গ) ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবস উপলক্ষে যোহর নামাজ শেষে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ, যশোর সেনানিবাসে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত / যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত আয়োজন;

(ঘ) মহান বিজয় দিবস- ২০২১ উদযাপন উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর সম্মেলন কক্ষে মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন;

(ঙ) ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বাস্থ্য বিধি মেনে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে সকল ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও অনুষ্ঠানে উপস্থিত নিশ্চিতকরণ;

(চ) 'মহাবিজয়ের মহানায়ক' প্রতিপাদ্যে মুজিববর্ষ ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১৬ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখ বিকাল ০৪-৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিচালিত শপথ অনুষ্ঠানে অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রদত্ত ডিজাইনের মাস্ক, ছোট জাতীয় পতাকা (১০ ইঞ্চি x ৬ ইঞ্চি), লিখিত শপথ বাক্য প্রস্তুতপূর্বক সকল কর্মকর্তা /কর্মচারীকে সরবরাহ এবং সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ স্বাস্থ্য বিধি মেনে স্বশরীরে ডিডিও কনফারেন্সের মাধ্যমে জুম অ্যাপ ব্যবহার করে অংশগ্রহণ করবে;

(ছ) ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর সেনানিবাস কর্তৃক মহান বিজয় দিবস- ২০২১ উদযাপনের ছবি ও ভিডিও চিত্র ধারণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর অফিস সহকারী জনাব আব্দুল মাতীন মিয়া প্রয়োজনীয় ব্যবস্থা করবেন;

(জ) মহান বিজয় দিবস- ২০২১ উদযাপনের ছবি ও ভিডিও চিত্র ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর ওয়েবসাইটে আপলোডের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড, যশোর এর অফিস সহকারী জনাব আব্দুল মাতীন মিয়া প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

৩। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

অনুলিপি- সদয় অবগতির জন্য :

- ০১। মহাপরিচালক  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০২। স্টেশন কমান্ডার  
স্টেশন সদর দপ্তর, যশোর সেনানিবাস।


অনুলিপি- অবগতি ও কার্যার্থেঃ

- ০১। অধ্যক্ষ, দাউদ পাবলিক স্কুল এন্ড কলেজ, যশোর সেনানিবাস
- ০২। প্রধান শিক্ষক, ক্যান্টনমেন্ট হাই স্কুল, যশোর সেনানিবাস
- ০৩। প্রধান শিক্ষক, ক্যান্টনমেন্ট বোর্ড নিম্নমাধ্যমিক বিদ্যালয়, যশোর সেনানিবাস



(মোঃ ফিরোজ শাহ্)  
(উপসচিব)

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
যশোর সেনানিবাস।

  
১২/১২/২১